দৈনিক খবর

তারিখ 29 SEP 1989
পৃষ্ঠা… 2 … কলাম 6 …

038

# ল্যাবরেটরী স্কুলে বোমাবাজির তদন্ত কমিটি গঠিত

ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুলের গভর্নিং বডি গত ২৫ ও ২৬শে সেপ্টেম্বর ১৯৮৯ তারিখে স্কুলে বোমাবাজি সম্পর্কিত ঘটনাবলীর তদন্তের জন্য একটি তদন্ত কমিটি গঠন করেছে। তদন্ত কমিটির সুষ্ঠু দায়িত্ব সম্পাদনের প্রয়োজনে স্কুলের সকল ছাত্র-শিক্ষক-অভিভাবক ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে উক্ত ঘটনাবলী সম্পর্কে যে কোনরূপ তথ্য লিখিত অথবা মৌখিকভাবে তদন্ত কমিটির নিকট পেশ করার জন্য অনুরোধ করাহয়েছে।

এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুল একটি গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠান এবং আমাদের ছেলে-মেয়েদের শিক্ষাদানে, মানসিকতা ও চরিত্র গঠনে এর ভূমিকা অপরিসীম। এ স্কুলটিকে বিশৃংখলা ও অপরাধ মুক্ত করে একটি আদর্শ বিদ্যা-নিকেতনে পরিণত করার প্রচেষ্টায় আপনাদের অকুন্ঠ সহযোগিতা একান্ত কাম্য। আশা করি এ বিষয়ে আপনারা নিম্নবর্ণিত সময়ে ও স্থানে তদন্ত কমিটির নিকট তথ্য ও বক্তব্য পেশ করবেন। প্রাপ্ত তথ্য ও বক্তব্যের গোপনীয়তা রক্ষা করা হবে।